



তারতীয় রিজার্ভ ব্যাঙ্ক  
RESERVE BANK OF INDIA

[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আরবিআই/২০০৭-০৮/২৮০

ডিজিবিএ.জিএডি.নং.এইচ.১০৮৭৫/৪২.০১.০৩৮/২০০৭-০৮

এপ্রিল ১০, ২০০৮

সভাপতি এবং পরিচালন অধিকর্তা/পরিচালন অধিকর্তা  
ভারতীয় স্টেট ব্যাঙ্ক এবং তার সহযোগী ব্যাঙ্ক/  
সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক/এক্সিস ব্যাঙ্ক লিমি./  
এইচডিএফসি ব্যাঙ্ক লিমি./ আইসিআইসিআই ব্যাঙ্ক লিমি./  
আইডিবিআই লিমি./ জে এন্ড কে ব্যাঙ্ক লিমিটেড.

প্রিয় মহাশয়,

**১.৪.২০০৮ তারিখ থেকে কিছু শ্রেণির করদাতাদের ক্ষেত্রে বৈদ্যুতিন অর্থপ্রদান মাধ্যমে করপ্রদান বাধ্যতামূলক**

আপনারা অবগত আছেন যে প্রত্যক্ষ কর সংক্রান্ত কেন্দ্রীয় পর্ষৎ তাদের ১৩/৩/২০০৮ তারিখের বিজ্ঞপ্তি নং ৩৪/২০০৮(প্রতিলিপি সংযুক্ত) মাধ্যমে নিম্নোক্ত কিছু শ্রেণির করদাতাদের জন্য ০১.০৪.২০০৮ তারিখ থেকে বৈদ্যুতিন অর্থপ্রদান মাধ্যমে কর দেওয়া বাধ্যতামূলক করেছে:

ক. কোম্পানি

খ. ব্যক্তিবিশেষ (কোম্পানি ব্যতিরেকে), যাঁর ক্ষেত্রে অনুভাগ ৪৪এবি বিধি প্রযোজ্য

২. সরকারি বিজ্ঞপ্তি লাগু করার সময় নিম্নলিখিত নির্দেশগুলি মাথায় রাখতে হবে:

১) নাম থেকেই যেন কর্পোরেট করদাতাদের স্থিতি শনাক্ত করা যায়। তদুপরি, সমস্ত কর্পোরেট করদাতার প্যান-এর চতুর্থ সংখ্যাটি হবে "সি"। এই ধরনের করদাতাদের নিকট থেকে কাউন্টারের মাধ্যমে কাগজের চালান গ্রহণ করা হবে না।

২) অনুভাগ ৪৪এবি-এর অধীন করদাতাদের ক্ষেত্রে ব্যাঙ্কের কাউন্টারে কাগজের চালানের মাধ্যমে কর দেওয়ার জন্য যোগ্যতার কোনও প্রমাণ জমা দেওয়ার উপর জোর দেওয়া যাবে না। বৈদ্যুতিন অর্থপ্রদানের দায়িত্ব মূলত করদাতার উপরই বর্তায়। অতএব করদাতা যা বলবেন সে কথাকেই চূড়ান্ত বলে মেনে নিতে হবে।

৩) সংশ্লিষ্ট ব্যাঙ্কে বৈদ্যুতিন অর্থপ্রদানের ক্ষেত্রে স্ক্রিনে ত্রুটি প্রাপ্তিস্বীকারের ব্যবস্থা করতে হবে।

৪) বৈদ্যুতিন অর্থপ্রদানের জন্য লেনদেন সংক্রান্ত আইডি, ব্যাঙ্ক প্রদত্ত বিবরণীতে থাকা উচিত।

৫) যদি কোনও করদাতার অর্থপ্রদান করতে, বৈদ্যুতিন লেনদেন পুরো করতে বা রসিদ (প্রতিপত্র) পেতে সমস্যা হয় সেই ক্ষেত্রে যোগাযোগ করার জন্য প্রতিটি ব্যাঙ্কের উচিত তাদের বৈদ্যুতিন-অর্থপ্রদান-প্রবেশদ্বার-পাতায় চোখে পড়ার মতো করে আধিকারিকদের নাম প্রদর্শিত করা।

৬) প্রতিটি ব্যাঙ্কের উচিত আইটিডি বা করদাতাদের কোনও সমস্যার কারণে যোগাযোগ করার জন্য আধিকারিকদের একটি তালিকা ও তাদের সঙ্গে যোগাযোগের বিশদ বিবরণ আইটিডি এবং এনএসডিএল কে জানানো।

৪. আপনাদের সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় নির্দেশগুলি পাঠিয়ে দিতে পারেন।

আপনাদের বিশ্বস্ত,  
(এম. টি. ভারগিস)  
মহাপ্রবন্ধক